গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.৮৩৫.১৭-২৫১ তারিখ: ২৭/০৪/২০১৭ খ্রি:।

# পরিপত্র

**বিষয় ঃ সুপ্রীম কোর্টের মহামান্য হাইকোর্ট ডিভিশন কর্তৃক স্থগিতাদেশ প্রদান করায় উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কার্যক্রয়ের ক্ষেত্রে সিপিটিইউ কর্তৃক প্রণীত আদর্শ দরপত্র দলিল PW2(a), PW3, e-PW2(a) এবং e-PW3 এর ITT Clause এ প্রদত্ত "Past Performance Evaluation and rating matrix " স্থগিতকরণ।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উন্মুক্ত দরপত্র পদ্ধতির আওতায় অভ্যন্তরীণ কার্যক্রয়ে দরপত্র মূল্যের সমতার ক্ষেত্রে কৃতকার্য দরদাতা নির্বাচনের লক্ষে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (২৪ নভেম্বর ২০১৬ খ্রি: তারিখে সংশোধিত) এর উপ-বিধি ৯৮ (২ক) এর বিধানের প্রেক্ষিতে সংশ্লিষ্ট আদর্শ দরপত্র দলিলের ITT Clause এ মোট ৭ টি নির্ণায়ক সমৃদ্ধ "Past Performance Evaluation and rating matrix" অন্তর্ভূক্ত করা হয়েছিল। উক্ত matrix এর উপর কয়েকটি দরদাতা প্রতিষ্ঠান সুপ্রীম কোর্টের মহামান্য হাইকোর্ট ডিভিশন-এ রীট মামলা দায়ের করলে মহামান্য আদালত কয়েকটি নির্ণায়কের উপর বিভিন্ন মেয়াদে স্থগিতাদেশ প্রদান করে।

২। এ প্রেক্ষিতে অভ্যন্তরীণ কার্যক্রয়ে সর্বনিম্ন দরপত্র মূল্যের সমতার ক্ষেত্রে কৃতকার্য দরদাতা নির্বাচনের লক্ষে সিপিটিইউ থেকে প্রণীত আদর্শ দরপত্র দলিল PW2(a), PW3, e-PW2(a) এবং e-PW3 এর ITT Clause এ প্রদত্ত "Past Performance Evaluation and rating matrix" এর দফা ১ থেকে ৭ পর্যন্ত পয়েন্ট বন্টনের কার্যকারিতা স্থগিত করা হলো।

৩। এমতাবস্থায় সর্বনিম্ন দরপত্র মূল্যের সমতার ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৯৮ এর উপ-বিধি (৩১) ও (৩২) প্রয়োগের পূর্বে নিম্নোক্ত উপায়ে কৃতকার্য দরদাতা নির্বাচন করতে হবে:-

(ক) ই-জিপিতে দরপত্র প্রক্রিয়াকরণ অর্থাৎ e-PW2(a) এবং e-PW3 ব্যবহারের ক্ষেত্রে, "Past Performance Evaluation and rating matrix" এর ৭ টি নির্ণায়কের সব কয়টিতে সকল দরদাতাকে পূর্ণ নম্বর অর্থাৎ সর্বমোট ১০০০ নম্বর প্রদান পূর্বক বিগত ৫ (পাঁচ) বছরের টার্নওভারের ভিত্তিতে কৃতকার্য দরদাতা নির্বাচন করতে হবে।

(খ) অন্যদিকে ম্যানুয়েল পদ্ধতিতে দরপত্র প্রক্রিয়াকরণ অর্থাৎ PW2(a) এবং PW3 ব্যবহারের ক্ষেত্রে, "Past Performance Evaluation and rating matrix" বাদ দিয়ে শুধুমাত্র বিগত ৫ (পাঁচ) বছরের টার্নওভারের ভিত্তিতে কৃতকার্য দরদাতা নির্বাচন করতে হবে।

(মো: ফারুক হোসেন)
মহাপরিচালক, সিপিটিইউ
ফোনঃ ৯১৪৪২৫২-৩
ই-মেইল: cptudg@cptu.gov.bd ।

**বিতরণঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব------------------------------------------------------------------------------------------------ মন্ত্রণালয়/ বিভাগ।
৩। সচিব/ ভারপ্রাপ্ত সচিব, ----------------------------------------------------------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ।
৪। ----------------------------------------------------------------------------------------------------ক্রয়কারী সংস্থা (সকল)।
৫। সার্কুলার ফাইল/ গার্ড ফাইল।